## কেরিয়ার কাউন্সেলিং

গ্রাম বাংলার মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য সহজ পাঠের দ্বারা কেরিয়ার কাউন্সেলিং-এর লক্ষ্য হল তাদের সঠিক দিকনির্দেশনা, তথ্য এবং সহায়তা প্রদান করা যাতে তারা সঠিক সিদ্ধান্ত নিতে পারে এবং তাদের ভবিষ্যত পথ সম্পর্কে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে সফল এবং পরিপূর্ণ কেরিয়ারের দিকে এগিয়ে যায়।

সহজ পাঠ এরা ফাউন্ডেশন, বেঙ্গালুরুকে পশ্চিমবঙ্গের শিক্ষার্থীদের জন্য আঞ্চলিক ভাষা বাংলায় কেরিয়ার কাউন্সেলিং অনলাইন পরীক্ষা প্ল্যাটফর্ম (MARG) তৈরি করতে সাহায্য করেছে।

## সহজ শিক্ষা

**সম্পূর্ণ বিনামূল্যে সহজে শেখা**

সহজ শিক্ষা একটি ওয়েব ভিত্তিক ফোরাম যেখানে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীর জন্য সংশ্লিষ্ট বিষয়ের উপর তথ্য আছে। শিক্ষার্থীদের পাঠকে আরও আকর্ষণীয় করার জন্য এটি চালু করা হয়েছে। এই পোর্টালটি শিক্ষার্থীদের জন্য সহজেই ব্যবহারের উপযোগী এবং কম গতি সম্পন্ন ইন্টারনেট পরিষেবা থাকলেও তারা এটি ব্রাউজ করতে পারে।

*https://sahajshiksha.sahajpathonline.org*

## অডিও পডকাস্ট

সহজ পাঠ বিনামূল্যে একটি অডিও পডকাস্ট প্ল্যাটফর্মও তৈরি করেছে যা কম গতি সম্পন্ন ইন্টারনেট পরিষেবা অঞ্চলের অন্তর্গত সুবিধাবঞ্চিত ও কৌতূহলী শিক্ষার্থীদের জন্য। সহজপাঠের শিক্ষক-শিক্ষিকারা বিভিন্ন বিষয় থেকে অডিও রূপে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রসঙ্গে পাঠ দান করেছেন। চ্যানেলটি নিবন্ধিত শিক্ষার্থীদের সাথে শেয়ার করা হয়েছে যাতে তারা প্রয়োজন মতো এটি ব্যবহার করতে পারে।

podcasters.spotify.com/pod/show/sahajpath

ফোনে বিনামূল্যে শিক্ষকদের সহায়তা পেতে কৌতূহলী ও জিজ্ঞাসু শিক্ষার্থীরা কল করতে পারে টিচার-অন-কল টোলফ্রী নম্বরে

**১৮০০ ৮৯০ ৬০০৬***

এই পরিষেবায় পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনীর শিক্ষার্থীরা নিম্নলিখিত বিষয়ে সাহায্য নিতে পারে:

- ভৌতবিজ্ঞান / পদার্থবিদ্যা / রসায়নবিদ্যা
- জীবনবিজ্ঞান
- অঙ্ক
- ইংরেজি
- ভূগোল

**পরিষেবার সময়** :
সোমবার থেকে শনিবার - সকাল ৯টা থেকে দুপুর ১টা এবং বিকেল ৪টে থেকে রাত্রি ১০টা
রবিবার - সকাল ৯টা থেকে রাত্রি ১০টা

***নথিভুক্তকরণ অনুসন্ধান*** *: ৯৩৩ ০৭৫ ১০৪৯*

**সহজ পাঠ পরিষেবা পাওয়ার জন্য শিক্ষার্থীদের নথিভুক্তকরণ বাধ্যতামূলক। শিক্ষার্থীদের নিজের নাম, স্কুলের নাম, শ্রেণী, জেলা এবং রাজ্য সম্পর্কিত সঠিক তথ্য প্রদান করতে হবে।*

**সংযুক্ত হন:**

- স্বেচ্ছায় শিক্ষার্থীদের পড়াতে ইচ্ছুক এমন অভিজ্ঞ ও উৎসাহী শিক্ষকদের সহজ পাঠ আহ্বান জানায়।
- সহজ পাঠের এই মহৎ উদ্দেশ্য সাধনের জন্য অনুদানের প্রয়োজন যা প্রথম প্রজন্মের শিক্ষার্থীদের ভবিষ্যত গঠনে সাহায্য করবে।

*সহজ পাঠ নলেজ ফাউন্ডেশনে সমস্ত অনুদান 80G(5)(vi) ধারার অধীনে ছাড় দেওয়া হয়েছে।*

**নিবন্ধিত দপ্তর**: ফ্ল্যাট ৫০৩, টাওয়ার ৫, উপহার লাক্সারি কমপ্লেক্স, ২০৫২ চক গড়িয়া, পঞ্চসায়র, কলকাতা, পশ্চিমবঙ্গ – ৭০০০৯৪
যোগাযোগ করুন: ৭৬০৩০৩৮৩৮৩
ইমেল: contact@sahajpathonline.org
ওয়েবসাইট: www.sahajpathonline.org

সহজ পাঠ

**সম্পূর্ণ বিনামূল্যে সকলের জন্য গুণগত শিক্ষা**

# সহজ পাঠ নলেজ ফাউন্ডেশন

**একটি অলাভজনক সংস্থা**

**রেজিস্ট্রেশন নম্বর – ১৯০৩০২৯৮০**



# সহজ পাঠ

সহজ পাঠ নলেজ ফাউন্ডেশন (SPKF), একটি অলাভজনক সংস্থা, যা কৌতূহলী এবং মেধাবী কিন্ত শিক্ষার সুযোগের ক্ষেত্রে পিছিয়ে থাকা স্কুল পড়ুয়াদের সঙ্গে উন্নত মানের শিক্ষকদের সেতুবন্ধনের লক্ষ্য নিয়ে ৮ মে, ২০১৬-এ প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার প্রাথমিক উদ্দেশ্য হল ভবিষ্যত প্রতিভা, কৌতূহলী এবং সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সন্ধান করা এবং তাদের বৃত্তি সহ বিনামূল্যে উন্নত মানের শিক্ষাগত সহায়তা প্রদান করা।

এছাড়াও, সহজ পাঠের উদ্দেশ্য হল স্কুলপড়ুয়াদের প্রত্যক্ষ শিক্ষার সুযোগ প্রদান করা এবং যোগ্য শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা, যাতে তারা নির্বিঘ্নে উচ্চ শিক্ষা গ্রহণ করতে এবং তাদের লক্ষ্যপূরণে সক্ষম হয়।

এই প্রকল্পের মূল লক্ষ্য হলো প্রত্যন্ত গ্রামাঞ্চলের ও শহরতলি সেই সব শিক্ষার্থীদের উন্নত প্রযুক্তি ও আঞ্চলিক ভাষায় প্রয়োজনীয় জিনিসের সাহায্যে বিভিন্ন সুযোগ করে দেওয়া, যারা সরাসরি শিক্ষক-শিক্ষিকাদের থেকে সাহায্য পায়না।

## সহজ পাঠ ট্রাস্টের ট্রাস্টি




**অধ্যাপক সমীর কুমার ব্রহ্মচারী**
সভাপতি



**আলোক মুখার্জী**
ট্রাস্টি



**কল্যাণ কর**
ট্রাস্টি



**অমিত মুখার্জী**
ট্রাস্টি এবং কোষাধ্যক্ষ



**ডাঃ কুনাল রায়**
ট্রাস্টি এবং প্রকল্পের অনারারি অধিকর্তা



**সুরজিৎ রায়**
ট্রাস্টি


# টিচার-অন-কল

টিচার অন কল পরিষেবা ২০১৭ সাল থেকে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বাংলা মাধ্যমের শিক্ষার্থীদের বিনামূল্যে শিক্ষা সহায়তা প্রদান করে চলেছে। এই শিক্ষাগত সহায়তা বিনামূল্যে প্রদান করা হয় একটি টোল-ফ্রি টেলিফোনিক মাধ্যমে যেখানে কলারের কোনো ইন্টারনেট বা কোনো স্মার্ট ফোনের প্রয়োজন নেই। স্কুলের শিক্ষার্থীরা এবং প্রথম প্রজন্মের পড়ুয়ারা , যারা তাদের স্কুলের বাইরে আর কোনো সাহায্য পায় না, তারা এই প্রকল্পের মাধ্যমে বিনামূল্যে যত খুশি কল করতে পারে এবং জ্ঞান অর্জন করতে পারে ও কৌতুহল নিবৃত্ত করতে পারে।

শিক্ষার্থীরা নিখরচায় এই সাপোর্ট টোল-ফ্রি নম্বরে কল করতে পারে এবং বিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান, গণিত, ইংরেজি এবং ভূগোলের মতো বিষয়ে সপ্তাহে সাত দিন বিনামূল্যে সহায়তা নিতে পারে।

এই প্রকল্পটি শতাধিক অভিজ্ঞ উৎসাহী স্বেচ্ছাসেবী/স্বত:প্রবৃত্ত শিক্ষকদের দ্বারা সমর্থিত যারা বিভিন্ন ক্ষেত্র থেকে যোগ দিয়েছেন যেমন - স্কুল শিক্ষক, অধ্যাপক, অবসরপ্রাপ্ত বিজ্ঞানী, অবসরপ্রাপ্ত পেশাদার ব্যক্তি এবং শিক্ষিত গৃহিণী।

*শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে শিক্ষার্থীর কথোপকথনের সব খরচ সহজ পাঠ বহন করে।*

**শিক্ষকের সঙ্গে কথা বলো**
**১৮০০ ৮৯০ ৬০০৬**

**৫ থেকে ১২ শ্রেণী**

**১৯,০০০ উপকৃত শিক্ষার্থী**

**২,৩০০ বিদ্যালয়**

**২,৫০,০০০ কল**

**১১৯ স্বেচ্ছাসেবী শিক্ষক-শিক্ষিকা**

**৯,৭০০ ঘন্টা শিক্ষাগত সহায়তা**

# ছাত্রবৃত্তি

গ্রাম বাংলার বিপুল সংখ্যক শিক্ষার্থী ইতিমধ্যে শিক্ষক-অন-কল প্রকল্প থেকে উপকৃত হয়েছে এবং তাদের মধ্যে অনেকেই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। প্রত্যন্ত গ্রামের সরকারী বিদ্যালয়ের শতাধিক ছাত্রছাত্রী তাদের বোর্ডের পরীক্ষায় ৯০%-এর বেশি নম্বর অর্জন করেছে যা একটি বিরল ঘটনা।

সহজ পাঠ, টিচার-অন-কল প্রকল্পে অংশগ্রহণকারী কিছু উদ্যমী শিক্ষার্থীদের খুঁজে বার করেছে এবং তাদের উজ্জ্বল একাডেমিক পারফরম্যান্সের ভিত্তিতে তাদের লক্ষ্যপূরণের জন্য কয়েকজনকে বৃত্তি প্রদান করেছে।

বর্তমানে সহজ পাঠ তিন ধরনের বৃত্তি প্রদান করে।

- ❖ পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত গণিত বিষয়ে বিশেষ আগ্রহ আছে এমন পড়ুয়াদের জন্য
- ❖ নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ৯০%-এর বেশি নম্বর প্রাপ্ত পড়ুয়াদের জন্য
- ❖ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৯০%-এর বেশি নম্বর নিয়ে উত্তীর্ণ যে সব পড়ুয়া উচ্চ শিক্ষা গ্রহণ করছে তাদের জন্য



ইন্দ্রজিৎ রুইদাস



রিতম পাত্র



মুস্তাক আহমেদ



অন্বেষা মল্লিক



তন্ময় ঘোষ



লোকজিৎ বিশ্বাস



শ্রেয়শ্রী মন্ডল



স্নেহাশিস প্রামানিক



রিয়া সেন

*প্রত্যন্ত গ্রামাঞ্চলের বিদ্যালয়ের যে সব শিক্ষার্থী শিক্ষার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত, যারা বছরের পর বছর টিচার-অন-কল প্রকল্পে সক্রিয় অংশগ্রহনের সাহায্যে উল্লেখযোগ্য ভালো ফল করেছে তাদের বৃত্তি দিয়ে পুরস্কৃত করা হয়েছে।*